

নরসিংদী কর্তৃক ৬০ কেজি গাঁজাসহ ২জন আসামী গ্রেফতার



গোপন সংবাদের ভিত্তিতে ৩০ আগস্ট ২০১৭ তারিখ পূর্বাঞ্চে নরসিংদী সদর উপজেলা নির্বাহী অফিসার জনাব মোহাম্মদ সেলিম রেজার নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি) এর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, নরসিংদী টিম গঠন পূর্বক নরসিংদী মডেল থানাধীন বাসাইল এলাকায় ঢাকা-সিলেট মহাসড়কে অভিযান চালিয়ে একটি কাভার্ড ভ্যানে ৬০ (ষাট) কেজি গাঁজা ও ১টি মোবাইল সেটসহ মো: সজিব (২৪) ও মো: জুয়েল (৩২) নামীয় ০২(দুই) জন আসামীকে হাতে-নাতে গ্রেফতার করে। উক্ত আসামীদ্বয় ব্রাহ্মনবাড়িয়া হতে কাভার্ড ভ্যানযোগে নরসিংদী হয়ে সড়ক পথে ঢাকায় গাঁজা পাচার করছিল। তাঁদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ১৯ এর (১) টেবিলের ৭(খ) ধারায় সংশ্লিষ্ট থানায় মামলা দায়ের করা হয়েছে।